দৈনিক ইনকিলাব

12

তারিখ 12 MAY 1996
পৃষ্ঠা ৫ কলাম ৩

# শিক্ষাঙ্গন

## বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ প্রসঙ্গে

আমরা প্রায়ই বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি পরীক্ষার তারিখ প্রসঙ্গে পত্রিকায় দেখতে পাই। প্রশ্ন হচ্ছে পরীক্ষার তারিখ প্রকাশের সময় অন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ মিলে যাচ্ছে কি-না বা একই দিনে হচ্ছে কি-না, আমার মনে হয় কর্তৃপক্ষ সেদিকে দৃষ্টি দেন না। যদি দৃষ্টি দিতেন তবে মনে হয় আমার এই লেখা পত্রিকায় আসতো না। যাক, ১০ এপ্রিল '৯৬ তারিখে পত্রিকায় দেখতে পেলাম যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'খ' ইউনিটের পীরক্ষা ১৫-৫-৯৬ তারিখে। আবার ঐ একই দিনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কলা ও বাণিজ্য অনুষদের ভর্তি পরীক্ষা। অন্যদিকে ১৬-৫-৯৬ তারিখে চট্টগ্রাম বিশ্বঃ-এর 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা। অপরদিকে সেই একই দিনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সামাজিক, জীব ও ভূবিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা। এখন প্রশ্ন হচ্ছে, আমার মত হয়তো অনেকেই উভয় বিশ্ববিদযালয়ে আবেদন করেছে.

কিন্তু কোন বিশ্ববিদ্যালয়ে এ ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হবো? কর্তৃপক্ষ ভেবে দেখবেন কি? এসব ঘটনার যেন পুনরাবৃত্তি না ঘটে, যথাযথ কর্তৃপক্ষ তার পদক্ষেপ নিবেন কি? কারণ ভর্তি পরীক্ষা

যেকোন একটিতে দিলে চান্স হবে এমন নিশ্চয়তা নেই নিশ্চয়ই। তবে কেন এই হয়রানি, কেন কোমলমতি ছাত্র-ছাত্রীর একটা বাড়তি সেটনশনে ফেলানো? আশা করি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হবে।

—কায়সার,
চুরখাই, ময়মনসিংহ।

॥ ২ ॥

বাংলাদেশের ছাত্র-ছাত্রীর তুলনায় বিশ্ববিদ্যালয়ের সংখ্যা অত্যন্ত সীমিত। ফলে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়াটা অত্যন্ত কঠিন হয়ে পড়েছে। হাজার হাজার ছাত্র-ছাতরীর সংগে প্রতিযোগিতা করে তবেই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ পাওয়া যায়। দেশের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে 'খ' ইউনিটের ১ম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষা ১৫-৫-৯৬ তারিখে নির্ধারিত হয়েছে। এমতাবস্থায় যে সকল ছাত্র-ছাত্রী ২টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন করেছে, তাদেরকে কোন একটি বিশ্ববিদ্যালয়ে পড়ার ইচ্ছা এমনিতেই পরিত্যাগ করিতে হবে। এদিকে ভর্তি পরীক্ষা খুবই সন্নিকটে। ফলে ছাত্র-ছাত্রীরা বিভ্রান্তিতে ভুগছে। অতএব ২টি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। যেকোন একটি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করে হাজার হাজার ছাত্র-ছাত্রীদেরকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়ার জন্য আবেদন জানাচ্ছি। যেহেতু সময় খুবই কম। এই পরিপ্রেক্ষিতে অনতিবিলম্বে পরিবর্তিত তারিখ জাতীয় পত্রিকায় প্রকাশ করার জন্য আবেদন করছি।

—কায়ছার হামিদ,
ফজলুলহক ও এস আল-মামুন,
পোঃ বক্স নং-১৩৫০,
ধামরাই, ঢাকা।